

## ছিটমহল সরেজমিন ▶



কুড়িগ্রামের ফুলবাড়ী উপজেলায় অবস্থিত ভারতীয় ছিটমহল দাসিয়ারছড়ার বালাটারী এলাকায় শুক্রবার একটি প্রাথমিক বিদ্যালয়ের সাইনবোর্ড টানান স্থানীয় বাসিন্দারা

সমকাল

## স্কুলের সাইনবোর্ড টানানোর হিড়িক দাসিয়ারছড়ায়

■ মমিনুল ইসলাম মঞ্জু ও আনোয়ারুল ইসলাম বাবু, ছিটমহল থেকে ফিরে ছিটমহলে এখন নানা স্বপ্নের সমাবেশ। দীর্ঘ বন্ধনা আর অধিকারহীনতার পর একটি রাষ্ট্রের বৈধ নাগরিক হওয়ার সুবাদে তাদের এনে দিচ্ছে ভবিষ্যৎ নির্মাণের সুযোগ। দীর্ঘ সময় ধরে যা তাদের হাতের কাছে ছিল না, যেসব অনুষ্ঙ্গ থেকে বঞ্চিত হওয়ার কারণে জীবনমানের তেমন উন্নয়ন ঘটানো যায়নি— এখন সেসব না-পাওয়া বিষয়গুলো অর্জনেই উদ্যোগ নিচ্ছেন ছিটমহলবাসী। শিক্ষার গুরুত্ব ও প্রয়োজনীয়তা জানার পরও প্রতিষ্ঠানের অভাবে সে আলোয় আলোকিত হতে না পারায় কষ্ট দূর করতেই যেন কুড়িগ্রামের ফুলবাড়ী উপজেলার দাসিয়ারছড়া ছিটমহলে চলছে শিক্ষা প্রতিষ্ঠান গড়ে তোলার আয়োজন। ছিটমহলের পাড়ায় পাড়ায় এখন চোখে পড়ছে নানা নামের স্কুলের সাইনবোর্ড। ফুলবাড়ী উপজেলার

পৃষ্ঠা ১৫ : কলাম ১



দাসিয়ারছড়ার খড়িয়াটারীতে স্থাপিত আরেকটি প্রাথমিক বিদ্যালয়ের সাইনবোর্ড

সমকাল